

“মুহাম্মাদুর্ রাছুলুল্লাহ” এই শাহাদাহ তথা সাক্ষ্যের অর্থ ও তাৎপর্য কি?

“মুহাম্মাদ ﷺ আল্লাহ্‌র রাছুল” এই সাক্ষ্যের প্রকৃত অর্থ হলো:- মুহাম্মাদ ﷺ মানব ও জিন জাতির প্রতি আল্লাহ্‌র প্রেরিত সর্বশেষ রাছুল, যার কাছে আল্লাহ্‌র পক্ষ হতে একের পর এক বার্তা বা সংবাদ আসে। তিনি ইলাহ বা উপাস্য নন এবং উপাস্য হওয়ার কোন গুণাবলী বা যোগ্যতা তাঁর মধ্যে নেই। তিনি শুধুমাত্র আল্লাহ্‌র এক বান্দাহ এবং তাঁর প্রেরিত নাবী ও রাছুল।

“محمد الرسول الله” এই শাহাদাহ বা সাক্ষ্য প্রদানের দাবি ও চাহিদা হলো:-

(ক) রাছুল ﷺ যা কিছু আদেশ করেছেন তা যথাযথভাবে মেনে চলা।

(খ) তাঁর দেয়া যাবতীয় বার্তা-সংবাদকে নির্দিধায়-নিঃসন্দেহে সত্য বলে বিশ্বাস করা।

(গ) তিনি যা কিছু করতে নিষেধ করেছেন তা থেকে সম্পূর্ণরূপে বিরত থাকা।

(ঘ) আল্লাহ্‌র নির্দেশিত এবং রাছুলের (ﷺ) অনুসৃত শারী‘য়াত (নিয়ম-নীতি ও বিধান) অনুযায়ী আল্লাহ্‌র ‘ইবাদাত করা। শারী‘য়াতের মধ্যে নতুন কিছু যোগ বা সংযোজন না করা এবং নিজের মনগড়া পন্থায় আল্লাহ্‌র ‘ইবাদাত না করা।

ক্বোরআনে কারীমের নিম্নোক্ত আয়াতটি তা-ই প্রমাণ করে। আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

وَمَا تَأْكُلُ الرِّسَالُ فَخَذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا.^১

অর্থাৎ- রাছুল তোমাদেরকে যা দেন, তা গ্রহণ করো এবং যা থেকে নিষেধ করেন, তা থেকে বিরত থাকো।^২

“লা- ইলা-হা ইল্লাল্লা-হ” এবং “মুহাম্মাদুর্ রাছুলুল্লাহ” এ দু’টি সাক্ষ্য একইসাথে প্রদানের অত্যাৱশ্যকতা থেকে একথাই বুঝা যায় যে, এ বাক্য ও সাক্ষ্য দু’টি একটি অপরটির সাথে অত্যন্ত নিবিড় ও অবিচ্ছেদ্যভাবে জড়িত। যেহেতু এখানে প্রথম বাক্যটিতে বলা হয়েছে যে, আল্লাহ ব্যতীত আর কোন মা‘বুদ নেই, তাই দ্বিতীয় বাক্যটি থেকে স্পষ্টতঃ বুঝা যায় যে, মুহাম্মাদ ﷺ কোন মা‘বুদ বা উপাস্য নন, তিনি আল্লাহ্‌র বান্দাহ ও রাছুল।

জিন ও মানবজাতির নিকট আল্লাহ্‌র রিছালাত সুস্পষ্টভাবে পৌঁছে দেয়াই হচ্ছে মুহাম্মাদ ﷺ এর দায়িত্ব ও

১. سورة الحشر - ৭

২. ছুরা আল হাশ্ব - ৭

কর্তব্য।

কারো উপকার বা অপকার করার ক্ষমতা তাকে দেয়া হয়নি, এমনকি নিজেরও কোন কল্যাণ সাধন কিংবা অনিষ্ট থেকে নিজেকে রক্ষার কোন ক্ষমতা তাঁর (মুহাম্মাদ ﷺ এর) নেই।

তাই কেউ তাঁকে (রাছুলকে) উপাস্যের পর্যায়ে নিয়ে গেলে; তাকে মা'বুদ মনে করলে তা হবে আল্লাহকে উপাস্য বা মা'বুদ বলে অস্বীকার করা এবং মুহাম্মাদকে (ﷺ) আল্লাহর বান্দাহ ও রাছুল বলে অস্বীকার করা। মোটকথা, এটা হবে আল্লাহর উল্লেখযোগ্যত এবং মুহাম্মাদ (ﷺ) এর রিছালাতের প্রতি অস্বীকৃতি জ্ঞাপন করা।

শাহাদাতাইনের প্রথম বাক্যটি (লা- ইলা-হা ইল্লাল্লা-হ) দ্বারা যেভাবে 'ইবাদাতে আল্লাহর একত্ব প্রতিষ্ঠা করা হয়েছে এবং 'ইবাদাতের একক হক্ ও অধিকার আল্লাহর জন্য নির্দিষ্ট ও সংরক্ষণ করা হয়েছে, তেমনি দ্বিতীয় বাক্যটি (মুহাম্মাদুর রাছুলুল্লাহ) দ্বারা নিঃশর্তভাবে অনুসরণীয় হওয়ার একক মর্যাদা রাছুলের (ﷺ) জন্য নির্দিষ্ট ও সংরক্ষণ করা হয়েছে। অর্থাৎ বিনা বাক্য ব্যয়ে বিনা শর্তে রাছুলই (ﷺ) হলেন একমাত্র অনুসরণীয় ব্যক্তিত্ব।

এ কথার প্রমাণ হলো- কোরআনে কারীমে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ ۗ

অর্থাৎ- নিশ্চয় তোমাদের জন্য আল্লাহর রাছুলের মধ্যে রয়েছে উত্তম আদর্শ।^৪

অন্য আয়াতে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ.

অর্থাৎ- আপনি বলুন, যদি তোমরা আল্লাহকে ভালোবাস তাহলে আমার অনুসরণ করো, আল্লাহ তোমাদের ভালোবাসবেন।^৫

তাই শুধু মুখে “মুহাম্মাদুর রাছুলুল্লাহ” (মুহাম্মাদ আল্লাহর রাছুল) বললে চলবে না, বরং এরই সাথে সাথে

৩. سورة الأحزاب- ২১

৪. ছুরা আল আহযাব- ২১

৫. سورة آل عمران- ৩১

৬. ছুরা আ-লে 'ইমরান- ৩১

রাছুলের (ﷺ) যাবতীয় আদেশ-নিষেধ যথাযথভাবে মেনে চলতে হবে, তাঁর সকল কথাকে নির্দ্ধিধায় সত্য বলে স্বীকার করতে হবে, একমাত্র তাঁর (রাছুলের) নির্দেশিত তুরীকা অনুযায়ী আল্লাহর 'ইবাদাত করতে হবে এবং অন্তরে দৃঢ়ভাবে এ বিশ্বাস পোষণ করতে হবে যে, মুহাম্মাদ ﷺ কোন উপাস্য বা মা'বূদ নন, বরং তিনি শুধুমাত্র আল্লাহর এক বান্দাহ এবং তাঁরই (আল্লাহর) প্রেরিত সর্বশেষ রাছুল।